# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৭. ৭. ৬. করাত, লোহার মই, লোহার কুড়ালি ও ইটভাটার মধ্যে হত্যা

বিজিত দেশের যুদ্ধবন্দি বা সাধারণ নাগরিকদের বিষয়ে ঈশ্বরের পুত্র, প্রথম পুত্র, জাত পুত্র, খ্রিষ্ট, নবী ও রাজা দাউদের নিয়ম ছিল নিম্নরূপ: “And he brought out the people that were in it, and cut them with saws, and with harrows of iron, and with axes. Even so dealt David with all the cities of the children of Ammon.” “আর তিনি তথাকার লোকদের বাহির করিয়া আনিয়া করাতের দ্বারা, লৌহের মই দ্বারা এবং কুড়ালের দ্বারা ছেদন করিলেন। দাউদ অম্মোন-সন্তানদের সমস্ত নগরের প্রতি এইরূপ করিলেন।” (১ বংশাবলি/ খান্দাননামা ২০/৩) কিতাবুল মোকাদ্দস-০৬: “তিনি শহরের লোকদের বের করে আনলেন এবং করাত, লোহার খমত্মা ও কুড়াল দিয়ে তাদের কেটে ফেললেন।”

তাহলে দাউদ অম্মোনীয়দের সকল শহরেই এভাবে সাধারণ নাগরিকদের হত্যা করতেন। পাঠক কল্পনা করুন! বিভিন্ন শহরের হাজার হাজার অসহায় নিরস্ত্র নাগরিক বা যুদ্ধবন্দি নারী, পুরুষ ও শিশুকে করাত, লোহার খমত্মা ও কুড়াল দিয়ে কাটা হচেছ!

অন্যত্র ইটের ভাটার কথাও বলা হয়েছে: “আর দাউদ তথাকার লোকদিগকে বাহির করিয়া আনিয়া করাতের, লৌহের মইর ও লৌহের কুড়ালির মুখে রাখিলেন এবং ইটের পাঁজার মধ্য দিয়া গমন করাইলেন। তিনি অম্মোন-সন্তানদের সমস্ত নগরের প্রতি এইরূপ করিলেন।” (২ শমূয়েল ১২/৩১)

সুপ্রিয় পাঠক, কোন গণহত্যাটা (holocaust/genocide) বর্বরতর বা নির্মমতর: হিটলারের গ্যাসচেম্বারের গণহত্যা? না রাজা দাউদের খমত্মা, কুড়াল ও করাতের গণহত্যা?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14635

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন